

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৩, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে অক্টোবর, ২০০০/৪ঠা কার্তিক, ১৪০৭

এস, আর, ও নং ৩১৭- আইন/২০০০/২৯৪-মুসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেমস্ লিঃ কর্তৃক করযোগ্য পণ্য সরবরাহ বা বিক্রয় বা সেবা প্রদানের ক্ষেত্রে উক্ত পণ্য সরবরাহকারী বা বিক্রেতা বা সেবা প্রদানকারীর ব্যবহৃত নিজস্ব রশিদ বা চালানকে উক্ত ধারার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত শর্তে চালানপত্র হিসাবে অনুমোদন করিল, যথা ঃ—

- (ক) সংখ্যানুক্রমিক চালানপত্র সংরক্ষণ করিতে হইবে ;
- (খ) উক্ত পণ্য সরবরাহ বা বিক্রয় বা সেবার জন্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্য এবং মূল্য সংযোজন করের পরিমাণ চালানপত্রে উল্লেখ করিতে হইবে ;
- (গ) প্রতিটি চালানপত্রে মুসক নিবন্ধন সংখ্যা উল্লেখ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ জহুরুল হক

প্রথম সচিব

মুসক (নীতি নির্ধারণ ও বাজেট)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪২১৯)

মূল্য : টাকা ১.০০